[redacted]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নম্বর-৫৮.০২.০০০০.০০৬.০৪.৭০৮.২৩- ৩০৭৭ তারিখ : ১০/০৯/২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু জনাব বোরহান উদ্দিন (পরিচিতি নং-২২০৫৭), হিসাবরক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খাগড়াছড়িতে কর্মরত আছেন। ইতোপূর্বে জেলা কার্যালয়, ঝালকাঠিতে কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে রেশন সংক্রান্ত বিভিন্ন অনিয়ম ও অভিযোগ এবং প্রাপ্য রেশন পরিশোধ না করে মারামারি করে রক্তাক্ত জখম করা, কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করা এবং অনুপস্থিত থাকা, অফিসে অনুপস্থিত থাকার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের কারণ দর্শানোর জবাব না দেওয়াসহ নানা অভিযোগ রয়েছে। তার এহেন কার্যক্রম কর্তব্য কাজে চরম অবহেলা, দায়িত্বহীনতা ও গাফিলতি এবং অসদাচরণের শামিল। তাকে বিভিন্ন সময়ে বহুবার কারণ দর্শানো ও মৌখিক তাগিদ প্রদান করা হলেও তার কার্যক্রমে কোনরূপ উন্নতি পরিলক্ষিত হয়নি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝালকাঠির রেশন প্রাধিকারভুক্ত কর্মচারীদের দুই মাসের রেশনসামগ্রী পাওনা ছিল এবং হিসাবরক্ষক জনাব বোরহান উদ্দিন সকলের মাঝে প্রাপ্য রেশন বন্টন না করে কম দাম প্রস্তাব করলে তারা নিতে অস্বীকৃতি জানায় এবং বিষয়টি তারা সহকারী পরিচালককে মৌখিকভাবে জানায়। সহকারী পরিচালককে কেন প্রতি মাসে নালিশ করা হয় এবং কেন রেশন সরবরাহকারী দোকানে গিয়ে খোঁজ-খবর নেয়া হয়, এ নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে তিনি ক্ষিপ্ত হয়ে একই কার্যালয়ের সহকারী উপ-পরিদর্শক জনাব আবু হানিফকে ডান চোখের ভ্রুতে আঘাত করে রক্তাক্ত কাটা জখম করেন। পরবর্তীতে পরিদর্শকের সহযোগিতায় সদর হাসপাতালের জরুরি বিভাগে জনাব আবু হানিফ আঘাতপ্রাপ্ত স্থানে ড্রেসিং করিয়ে চিকিৎসা গ্রহণ করেন, যার ব্যবস্থাপত্র নং- ২৮৫৭/৮, তারিখ: ০৭/১১/২০২২ খ্রি.। উক্ত ঘটনার পর অননুমোদিতভাবে হিসাবরক্ষক জনাব বোরহান উদ্দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তিনি প্রায়শ:ই বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে বাড়িতে চলে যান। তাছাড়া তিনি ছুটিবিহীন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও কল রিসিভ করেননি, হাজিরা খাতায় স্বাক্ষর করেননি, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, হিসাব সংক্রান্ত কাজে অনীহা প্রকাশ করেন, রেজিস্টার হালনাগাদ করেননি, অফিসের চিঠি-পত্র ও বিভিন্ন বিলের কাগজ হারিয়ে ফেলেছেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশে গাফিলতি করে কালক্ষেপন করেছেন; এবং

যেহেতু হিসাবরক্ষক জনাব বোরহান উদ্দিন এর উল্লিখিত কার্যকলাপ অসদাচরণ এর শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক বিভাগীয় মামলা নং-০৯/২০২৩ রুজু করে তার বরাবর অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারি করা হয়। তিনি গত ১২/০৬/২০২৩ খ্রি: তারিখে উক্ত অভিযোগনামার লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন এবং তৎপ্রেক্ষিতে ১০/০৯/২০২৩ খ্রি: তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক নয়;এবং

যেহেতু অভিযুক্ত হিসাবরক্ষক জনাব বোরহান উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে তার লিখিত জবাব ও মৌখিক জবানবন্দী, মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র ও তার পূর্বের সার্ভিস রেকর্ড পর্যালোচনা ও বিবেচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে তার ০২(দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি(ইনক্রিমেন্ট) স্থগিত রাখার দন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

সেহেতু জনাব বোরহান উদ্দিন (পরিচিতি নং-২২০৫৭), হিসাবরক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খাগড়াছড়িকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার আগামী ০২(দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি(ইনক্রিমেন্ট) স্থগিত রাখার দন্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদান্তে উক্ত স্থগিতকৃত বার্ষিক বেতন বৃদ্ধি(ইনক্রিমেন্ট) এবং উক্ত ইনক্রিমেন্ট স্থগিত জনিত বকেয়া বেতন-ভাতাদি তিনি প্রাপ্য হবেন না।

০২। এ দন্ডাদেশ অবিলম্বে কার্যকর হবে এবং আদেশটি লাল কালিতে অভিযুক্তের সার্ভিস বহিতে লিপিবদ্ধ করতে হবে।

১০/৯/২০২৩
(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক।

অ:পৃ:দ্র:

নম্বর-৫৮.০২.০০০০.০০৬.০৪.৭০৮.২৩- ৩০৭৭ তারিখ : ১০/০৯/২০২৩ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ)]।
২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ/ রংপুর/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রোঃ কার্যালয়(উত্তর/দক্ষিন),--।
৭. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খাগড়াছড়ি। **উল্লিখিত দন্ডের আদেশটি অভিযুক্তের চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো।**
৮. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা **(দন্ডের আদেশটি অভিযুক্তের পার্সোনাল ডাটা সিটে লিপিবদ্ধ করার অনুরোধসহ)**।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক /জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,---------------------------------------।
১০. মহাপরিচালক এর স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. জনাব বোরহান উদ্দিন (পরিচিতি নং-২২০৫৭), হিসাবরক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খাগড়াছড়ি।
১২. অফিস কপি/ ব্যক্তিগত নথি/ গার্ড ফাইল।

১০.০৯.২০২৩

(মো: মাসুদ হোসেন)
পরিচালক(প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
(অতিরিক্ত দায়িত্ব)।